



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়ঃ বাসা নং-৪২, বাগডহর বাজার, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৬- এর ফরম পূরণ বিজ্ঞপ্তি

স্মারক নং- ময়শিবো/পনি/জুনি/বৃত্তি/২০২৬/২১(ক)

তারিখঃ ২৭/০৮/২০২৬ খ্রি.

জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৬- এর **Online** এ ফরমপূরণ ও প্রয়োজনীয় ফি ময়মনসিংহ শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ, ফি এর হার ও নিয়মাবলি শিক্ষা বোর্ড অনুমোদিত মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নে উল্লেখ করা হলো:

১। **Online** এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (**Probable List**) প্রদর্শন: শিক্ষার্থীদের তথ্য সম্বলিত তালিকা ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইট (www.mymensingheducationboard.gov.bd) এ ৩১/০৮/২০২৬ খ্রি: তারিখে দেওয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০১/০৯/২০২৬ থেকে ১২/০৯/২০২৬ তারিখের মধ্যে **Online** এ নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ (**eff**) সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রবেশ করে **Our Services** এর **Institute Panel** বাটনে ক্লিক করে **EIIN** ও **Password** দিয়ে **login** করে বাম পাশের মেনুবার থেকে **Form fill up Junior Scholarship 2026** এর **Probable list** যেতে হবে এবং **Print** করে হার্ডকপিতে লালকালি ব্যবহার করে টিকচিহ্ন দিয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষার নীতিমালার আলোকে পরীক্ষার্থী **Select** করতে হবে।

(খ) উক্ত হার্ডকপি **Probable list** এ টিক চিহ্নিত পরীক্ষার্থীর তথ্য মিলিয়ে কম্পিউটারে প্রদর্শনকৃত **Probable list** থেকে **Action** বাটনের **Down Arrow “V”** বাটনে ক্লিক করে **Select** করতে হবে।

(গ) এর পর **“Payment”** বাটনে ক্লিক করে ফরম পূরণের ফি পেমেন্ট করতে হবে।

(ঘ) পেমেন্ট সম্পন্ন হলে **“Verify”** বাটনে ক্লিক করে ফরম পূরণ সম্পন্ন করতে হবে এবং **Print Final List** বাটনে ক্লিক করে তালিকা **Print** করতে হবে।

(ঙ) **Final List Print** করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(চ) প্রয়োজন হলে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট ছাত্র/ছাত্রীদের মধ্য থেকে ফরম পূরণের কাজ একইভাবে সম্পন্ন করতে পারবেন।

২। পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট কপি শিক্ষা প্রতিষ্ঠানে ১(এক) কপি সংরক্ষণ করতে হবে।

৩। ফি জমার সর্বশেষ তারিখ: ১২/০৯/২০২৬ খ্রি:

(ক) পরীক্ষার ফি প্রতি পরীক্ষার্থী- ৪০০.০০(চারশত) টাকা।

(খ) কেন্দ্র ফি প্রতি পরীক্ষার্থী- ২০০.০০(দুইশত) টাকা (কেন্দ্র নির্ধারণ হওয়ার পর শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্র সচিব কে প্রদান করতে হবে)।

(গ) অনলাইনে ফরম পূরণ (**eff**): ০১/০৯/২০২৬ তারিখ হতে ১২/০৯/২০২৬ তারিখ পর্যন্ত।

৪। পরীক্ষার মাধ্যম: বাংলা/ইংরেজি ভাষান পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভাষানে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকা পরীক্ষা নিয়ন্ত্রক এর দপ্তরে হাতে হাতে ১০/০৯/২০২৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভাষানে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

৫। শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন: নিয়মানুযায়ী শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে এক শিক্ষা প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থী অন্য শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। জুনিয়র বৃত্তি পরীক্ষা নীতিমালা আলোকে তার ফরমপূরণ করতে হবে।

৬। পরীক্ষায় অংশগ্রহণের বিষয়সমূহ: নিম্নের ৫ (পাঁচ) টি বিষয়ে জুনিয়র বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে:

১) বাংলা (১০১)	পূর্ণমান-১০০
২) ইংরেজি (১০৭)	পূর্ণমান-১০০
৩) গণিত (১০৯)	পূর্ণমান-১০০
৪) বিজ্ঞান (১২৭)	পূর্ণমান-৫০
৫) বাংলাদেশ ও বিশ্ব পরিচয় (১৫০)	পূর্ণমান-৫০

৭। জুনিয়র বৃত্তি পরীক্ষা নীতিমালা এবং বোর্ড থেকে প্রকাশিত বৃত্তি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলি সঠিকভাবে অনুসরণ করে যথাসময়ে ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করে ফরম পূরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

৮। জুনিয়র বৃত্তি পরীক্ষা ২০২৬ এর ফরমপূরণ স্থগিত এবং সময়-হ্রাস/বৃদ্ধির ক্ষমতা বোর্ড কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



২৭/০৮/২০২৬

প্রফেসর মো: শাহাদত উদ্দাহ

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ

ফোন: ০২-৯৯৭৭১০৪৪২


E-mail: conbisemym@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ
৩. আঞ্চলিক পরিচালক, (ময়মনসিংহ অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৫. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা
৬. উপজেলা নির্বাহী অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা
৭. প্রধান শিক্ষক, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২। মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ৩। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ৪। অফিস কপি।



মোহাম্মদ সিরাজুল ইসলাম

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ

ফোন: ০২-৯৯৭৭১০৪৪৫

ই-মেইল: depconbisemym@gmail.com


২৭.৮.২৬